গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা
নগর, ঢাকা-১২০৭
কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা
https://nbr.gov.bd






স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৬.৯৯.০০০১.২৬.১৮১

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা সংক্রান্ত প্রজ্ঞাপন জাতীয় রাজস্ব বোর্ডের Website-এ সংযোজন প্রসঙ্গে।**

সূত্র: মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় প্রতিষ্ঠানের ১১/১১/২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মেসার্স বেলাজিও লিমিটেড, হেড অফিস: বিটিআই ল্যান্ডমার্ক (১৩ তলা), প্লট নং-১৬, ব্লক সিডব্লিউএস (এ), গুলশান এভিনিউ, ঢাকা [বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নং-১৭৪১/কাস-এসবিডব্লিউ/২০১৫, তারিখ: ০৬/১২/২০১৫ খ্রি.] নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য জারিকৃত বার্ষিক আমদানি প্রাপ্যতা সংক্রান্ত প্রজ্ঞাপন নং-৫৫/২০২৬/কাস্টমস/৫৪১, তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি. জাতীয় রাজস্ব বোর্ডের Website-এ সংযোজনের অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের Website-এ সংযোজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ---------- পাতা।

২২-১১-২০২৬
কাজী রায়হানুজ্জামান
দ্বিতীয় সচিব

সিস্টেম ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৬.৯৯.০০০১.২৬.১৮১/১ (৩)

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স বেলাজিও লিমিটেড, হেড অফিস: বিটিআই ল্যান্ডমার্ক (১৩ তলা), প্লট নং-১৬, ব্লক সিডব্লিউ এস (এ), গুলশান এভিনিউ, ঢাকা।
৩। অফিস কপি/গার্ড কপি।

২২-১১-২০২৬
কাজী রায়হানুজ্জামান
দ্বিতীয় সচিব

**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩/০৭ অক্টোবর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১(অংশ-১)-৪২৭**—ত্রয়োদশ জাতীয় সংসদের শূন্য আসনের উপ-নির্বাচন-২০২৬ অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে নির্বাচনী এলাকা ৩ ঠাকুরগাঁও-১ আসনে বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণের লক্ষ্যে সরকার The Arms Act, 1878 (Act. XI of 1878)-এর ধারা ১৭ (ক) (১) প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত আদেশ জারি করিল:

২। আগামী ১৭ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে স্থগিতকৃত/লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদসমূহ লাইসেন্সধারীর (স্থায়ী/বর্তমান) ঠিকানার নিকটস্থ থানায়/বৈধ ডিলারের নিকট লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। তবে এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যথা:

(ক) আইন শৃঙ্খলা রক্ষার সাথে সম্পৃক্ত সকল শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য;

(খ) বিভিন্ন সরকারি, আধাসরকারি এবং বেসরকারি দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী;

৩। আগামী ৩১ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত লাইসেন্সধারী ব্যক্তির আগ্নেয়াস্ত্র বহন ও প্রদর্শন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

৪। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যাখ্যা: এই আদেশে "শৃঙ্খলা বাহিনী" বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২-এ বর্ণিত শৃঙ্খলা বাহিনীকে বুঝাবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: আনোয়ার পারভেজ**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

**তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ**

নং **৫৫ /২০২৬/কাস্টমস/৫৪১**—কাস্টমস আইন, ২০২৩-এর ধারা ১২(২)-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড [বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নং-১৭৪১/কাস-এসবিডব্লিউ/২০১৫, তারিখ: ০৬-১২-২০১৬ খ্রি.] নামীয় শুল্কমুক্ত বিপণী (Duty Free Shop)-এর অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | পণ্যের বিবরণ | ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১ | সিগারেট | ১,৯৪,৫৯২.৫২ |
| ০২ | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৯৬,০১৭.৩২ |
| ০৩ | কসমেটিকস ও টয়লেট্রিজ | ৫,০০০.০০ |
| ০৪ | কনফেকশনারী | ৫,০০০.০০ |
| | **সর্বমোট=** | **৩,০০,৬০৯.৮৪ (তিন লক্ষ ছয়শত নয় দশমিক আট চার) মার্কিন ডলার** |

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/১১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫৬/২০২৬/কাস্টমস/৫৪২**।—/কাস্টমস আইন, ২০২৩-এর ধারা ১২(২)-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স ন্যাশনাল ওয়্যারহাউজ [বন্ড লাইসেন্স নং-০৮/কাস/এসবিডব্লিউ/ ১৯৮২, তারিখ: ১৬-০৩-১৯৮২ খ্রি.] এর অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো, যথা:—

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৬-২০২৭ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতা |
|---|---|---|
| ১. | মেসার্স ন্যাশনাল ওয়্যারহাউজ | **২,৫৭,১২৪.৪৩ (দুই লক্ষ সাতান্ন হাজার একশত চব্বিশ দশমিক চার তিন) মার্কিন ডলার** |

**শর্ত:** ২০২৬-২০২৭ অর্থবছরে অনাপত্তিপত্রের মাধ্যমে আমদানিকৃত পণ্যের প্রাক্কায়িত মূল্য উক্ত অর্থবছরের জন্য নির্ধারিত আমদানি প্রাপ্যতা হতে বিয়োজনযোগ্য হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**কাজী রায়হানুজ্জামান**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩/০১ অক্টোবর ২০২৬

নং **২৩.০০.০০০০.০৬০.২৭.০০১.২৩.২৯৪**—বাংলাদেশ নৌবাহিনীতে কর্মরত বেসামরিক কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান, সিনিয়র সাইন্টিফিক অফিসার, সিএসও-২ (পি নং ০৩৪৩) এর বিরুদ্ধে 'The Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961' এর বিধি ৭(২) মোতাবেক আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে ০১/২০২৬ বিভাগীয় মামলায় 'The Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961' এর বিধি ৮(১) (বি) মোতাবেক আগামী ০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত সংক্রান্ত দন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

**মোঃ আশরাফ উদ্দিন**
সচিব।